

## প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা (Pradhan Mantri Gram Sadak Yojna- PMGSY)

ভারতের কেন্দ্রীয় সরকারের উদ্যোগে পরিচালিত এক যোজনা হল প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা, যা মূলত পিছিয়ে পড়া অঞ্চলগুলির সাথে সংযোগ স্থাপন ও সড়কপথের বিস্তার দ্বারা উন্নয়নের স্বার্থে গৃহীত। 2000 সালে ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ী এই যোজনার সূত্রপাত করেছিলেন, যা গ্রামীণ উন্নয়নের ক্ষেত্রে এক অনবদ্য ভূমিকা পালন করে চলেছে। 2014 সাল পর্যন্ত

এই প্রকল্পের 55% 2017 সাল পর্যন্ত 82% এবং 2019- এর মার্চের মধ্যে এই প্রকল্পের কাজ সম্পূর্ণ হওয়ার পরিকল্পনা থাকলেও, কিছু এলাকা যেমন- অসম, জম্বু-কাশীর, উত্তরাখণ্ড এবং মাওবাদী অধ্যুষিত এলাকায় এই প্রকল্পের কাজ অসম্পূর্ণ রয়েছে।



উদ্দেশ্য:

এই প্রকল্পের উদ্দেশ্যাঙ্কগুলি হল-

- i. গ্রামীণ উন্নয়নের ক্ষেত্রে এই প্রকল্প খুবই উন্নতপূর্ণ। এই প্রকল্প মূলত পর্যায়ক্রমে বাস্তবায়িত করার লক্ষ্য নেওয়া হয়, যেমন এই প্রকল্প -

অনুসারে 2003 সালের মধ্যে 1000 জনসংখ্যা যুক্ত গ্রাম এবং 2007 সালের মধ্যে 500 জনসংখ্যা

যুক্ত গ্রামগুলোকে সংযুক্ত করার পরিকল্পনা নেওয়া হয়।


- ii. পিছিয়ে পড়া বিভিন্ন অঞ্চল, যেমন- মরু ও মরুপ্রায় এলাকা, উপজাতি অধ্যুষিত এলাকা, খনাপ্রবণ এলাকা, পাহাড়ী অঞ্চল প্রভৃতির ওপর অধিক শুরুত্ব প্রদান করা হয়।
- iii. এছাড়াও এই প্রকল্পের দ্বারা বিভিন্ন জলবায়ুগত অঞ্চলে প্রতিকূল পরিবেশেও সড়কপথের বিস্তৃতির উদ্যোগ নেওয়া। যেমন- সিকিম, মেঘালয় তথা উত্তর-পূর্ব ভারতের বিভিন্ন এলাকা এই প্রকল্পের অন্তর্গত।
- iv. এই প্রকল্পের মাধ্যমে গ্রামীণ অঞ্চলের অধিক শুরুত্বপূর্ণ এলাকাগুলির সুগমতা আরো বৃদ্ধি করা।
- v. গ্রামের বিভিন্ন এলাকাগুলির সাথে গ্রামের মূলকেন্দ্র এবং পার্শ্ববর্তী শহরাঞ্চলগুলির সংযোগ বৃদ্ধি করা, যাতে গ্রামীণ অধিবাসীদের কাছে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পায়।



রাজ্য	রাস্তার দৈরিয় (কিমি)
আন্ধ্ৰপ্ৰদেশ	100.908
বিহার	973.161
আসাম	1074.93
হিমাচলপ্ৰদেশ	860.703

Source: PMGSY, Ministry of Rural Development, Govt. of India, 2018.

Figure 6: Expenditure on PMGSY over the years (Rs crore)



Note: Values for 2017-18 and 2018-19 are revised estimates and budgeted estimates respectively.

Sources: Union Budgets 2009-10 to 2018-19; PRS.

রিকলমা:

PMGSY- যোজনা বাস্তবায়নের যে পরিকল্পনা গৃহীত হয়, তাতে কতগুলি ধাপ অবলম্বন

হয় যথা-

- এই প্রকল্প বাস্তবায়নের স্বার্থে State level standing committee গঠন করা হয়।
- পরিকল্পনাটি দুটি স্তরে বাস্তবায়নের চেষ্টা করা হয়। এই স্তর দুটি হল- District Rural Roads Plan এবং Core Network Level Plan। অর্থাৎ সম্পূর্ণ জেলা এবং সেই জেলার মূলকেন্দ্রকে ভিত্তি করে পরিকল্পনার বাস্তবায়ন শুরু হয়।
- কোন অঞ্চলের রাস্তার সম্প্রসারণ প্রথম প্রয়োজন তা নির্ধারণ করা হয় এবং কোন রাস্তার দ্বারা অঞ্চলটি অধিক পরিমেবা ও সুযোগ-সুবিধা পেতে পারে, তার ওপর ভিত্তি করে পরিকল্পনা গৃহীত হয়।
- ত্রুক স্তর থেকে পরিকল্পনা করা শুরু হয়, যা Block Level Master Plan নামে পরিচিত। এর পরবর্তী ক্ষেত্রে এলাকার কেন্দ্রীয় অঞ্চল চিহ্নিত করে, তার ভিত্তিতে পরিকল্পনা গ্রহণ করা হয়।



- এই পরিকল্পনা প্রথম পদ্ধতিয়েত স্তরে অনুমোদিত হলে, তারপর MLA, MP দ্বারা সর্বোচ্চ স্তরে পৌঁছায় এবং প্রয়োজনীয়তা যাচাইয়ের দ্বারা তা অনুমোদিত হয়।

সুতরাং বলা যায়, গ্রামের একদম তৃণমূল স্তর থেকে রাস্তার প্রয়োজনীয়তা যাচাইয়ের দ্বারা এই প্রকল্পের বাস্তবায়নের সূত্রপাত হওয়ায় গ্রামীণ তথা জাতীয় উন্নয়নে এই যোজনা অগ্রণী ভূমিকা পালন করে থাকে।

## CONNECTING THE UNCONNECTED

Road map of Pradhan Mantri Gram Sadak Yojana

FY	Average road length constructed per day (in km)	No. of habitations connected
2012-13	66	6,864
2013-14	69	6,560
2014-15	100	10,799
2015-16	100	7,658
2016-17	130	11,641

Source: Ministry of Rural Development